

(৫০০৮০)

তারবার্তা
বাংলাব্যাংক

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ব্যাংক পরিচালনা ও উন্নয়ন বিভাগ

ডিবিওডি সার্কুলার পত্র নং - ৪

২৯-০১-১৪০৯ বঙ্গাব্দ
তারিখ : -----
১২-০৫-২০০২ খৃষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী

প্রিয় মহোদয়,

বৃহদাংক ঋণের সিলিং প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১০/১০/২০০০ ও ১০/১২/২০০০ তারিখের ১৩ ও ২৫ নং বি.আর.পি.ডি সার্কুলার পত্র এবং ব্যাংক পরিচালনা ও উন্নয়ন বিভাগের ১৭/০১/২০০২ তারিখের পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০১। নীট শ্রেণীকৃত ঋণের মাত্রার ভিত্তিতে ব্যাংকের মোট ঋণ/অগ্রিমের শতকরা হারে বৃহদাংক ঋণের সংশোধিত সর্বোচ্চ মাত্রা ব্যাংক পরিচালনা ও উন্নয়ন বিভাগের ১৭/০১/২০০২ তারিখের পত্রের মাধ্যমে ব্যাংকগুলোকে পৃথক পৃথকভাবে অবহিত করা হয়েছে। উক্ত পত্র অনুযায়ী নীট শ্রেণীকৃত ঋণের মাত্রা অনূর্ধ্ব ৫, ১০, ১৫ ও ২০ শতাংশ হলে মোট ঋণ/অগ্রিমের যথাক্রমে অনূর্ধ্ব ৫৬, ৫২, ৪৮ ও ৪৪ শতাংশ বৃহদাংক ঋণ হিসাবে বাংলাদেশ ব্যাংক এর পূর্বানুমতিক্রমে প্রদানযোগ্য। তবে নীট শ্রেণীকৃত ঋণের মাত্রা ২০ শতাংশের অধিক হলে বৃহদাংক ঋণের মাত্রা মোট ঋণ/অগ্রিমের ৪০ শতাংশে সীমিত রাখার নির্দেশ প্রদান করা হয়।

০২। এ বিষয়ে এক্ষণে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বৃহদাংক ঋণের সর্বোচ্চ হার নিরূপনের ক্ষেত্রে ব্যাংক প্রদত্ত বৃহদাংক ঋণসমূহের অন্তর্ভুক্ত ঋণপত্র ও গ্যারান্টিসহ সবধরনের নন-ফান্ডেড সুবিধার ৫০ শতাংশ credit equivalent বা ঋণসমতুল্য হিসাবে গণ্য হবে। তবে ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ২৭(৩) ধারা অনুযায়ী বৃহদাংক ঋণের জন্য বাংলাদেশ ব্যাংক এর পূর্বানুমতি গ্রহণের ক্ষেত্রে ব্যক্তি বা প্রতিষ্ঠানের ঋণ এর পরিমাণ হিসাবায়নে নন-ফান্ডেড সুবিধার সম্পূর্ণ অংশ বিদ্যমান নিয়ম অনুযায়ী ব্যক্তি বা প্রতিষ্ঠানের মোট ঋণ সুবিধার অন্তর্ভুক্ত হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,
(নাজির আহমদ খান)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৭৬